

## জরুরী কলগুলি

একটি জরুরী পরিস্থিতিতে, আপনার 999 নম্বরে ডায়াল করা উচিত। যখন আপনার অবিলম্বে একটি প্রতিক্রিয়া প্রয়োজন, আপনার উচিত এই পরিষেবাটি ব্যবহার করে পুলিশের সাথে যোগাযোগ করা, যেমন, যখন একটি অপরাধ সংঘটিত হচ্ছে বা যখন কেউ আসন্ন বিপদের মধ্যে আছেন।

999 পরিষেবাটি পুলিশের সাথে সাথে আগুন ও উদ্ধার এবং এম্বুলেন্স পরিষেবার জন্য করা কলগুলিতেও সাড়া দেয়। সেজন্য আপনাকে শুরুতেই আপনার প্রয়োজনীয় পরিষেবাটি উল্লেখ করতে হবে এবং এরপর আপনি যে ভাষায় কথা বলেন সেটি জানাতে হবে। জরুরী পরিষেবাগুলি, ল্যান্ডলাইন সার্ভিসেসের মাধ্যমে 170টি ভাষায় অনুবাদকের সুবিধা প্রদান করে।

## অ-জরুরী ক্ষেত্রগুলি

আপনার যদি পুলিশের সাথে যোগাযোগ করার প্রয়োজন হয়, তবে তা যদি একটি জরুরী পরিস্থিতি না হয়, সে ক্ষেত্রে আপনার অবশ্যই নিম্নলিখিতভাবে এগিয়ে যাওয়া উচিত:

অ-জরুরী কলগুলির জন্য থাকা নাম্বারে টেলিফোন করুন (দিনের 24 ঘন্টা, সপ্তাহের 7 দিন): 01642 326326

## ক্রাইমস্টপার্স

ক্রাইমস্টপার্স একটি স্বাধীন দাতব্য সংস্থা যা সারা ইউনাইটেড কিংডম জুড়ে অপরাধের বিরুদ্ধে লড়াইয়ের জন্য কাজ করে। আপনার কাছে যদি একটি অপরাধ সংক্রান্ত কোন তথ্য থাকে, যা আপনি একটি গোপনীয় ভাবে ও নামোল্লেখ না করে জানাতে চাইছেন, সে ক্ষেত্রে বিনামূল্যে ফোন নাম্বার 0800 555 111 নম্বরে ফোন করুন।

## সন্ত্রাসবাদী কার্যক্রম সম্পর্কে রিপোর্ট করা

আপনি যদি মনে করেন যে, আপনি একজন সন্দেহজনক আচরণ করা ব্যক্তিকে দেখেছেন বা আপনি যদি একটি গাড়ি, অরক্ষিত রাখা প্যাকেজ বা ব্যাগ দেখেন যা একটি হুমকিস্বরূপ হতে পারে, সে ক্ষেত্রে সেখান থেকে অবিলম্বে সরে আসুন এবং 999-এ কল করুন।

সন্ত্রাসবাদের ঝুঁকি একটি বাস্তব বিষয় এবং গা-ছাড়া ভাবের কোন জায়গা নেই। জনগণের সবসময় তাদের আশপাশ সম্পর্কে সতর্ক ও সচেতন থাকা উচিত। আপনার কাছে যদি কোনকিছু সন্দেহজনক ও অসমঞ্জস মনে হয় সে ক্ষেত্রে আপনার অনুভূতিকে বিশ্বাস করুন এবং পুলিশকে ফোন করুন।

## এন্টি-টেররিস্ট হটলাইন: 0800 789 321

আপনার কাছে কারো কাজকর্ম সন্দেহজনক মনে হলে বা আপনার কাছে যদি এরকম কোন তথ্য থাকে যা এর সাথে সংশ্লিষ্ট হতে পারে, সে ক্ষেত্রে এন্টি-টেররিস্ট হটলাইন নম্বর 0800 789 321-এ ফোন করুন। আপনার কাছে থাকা তথ্যবলী গুরুত্বপূর্ণ কি না সে ব্যাপারে পুলিশকে সিদ্ধান্ত নিতে দিন। বিচ্ছিন্ন তথ্য হিসেবে গুরুত্বহীন মনে হলেও, তা আরো বৃহত্তর তদন্তের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ যোগসূত্র প্রদান করতে পারে।

সম্ভাব্য সন্ত্রাসবাদী কার্যধারার ব্যাপারে আপনার কাছে কোন তথ্য থাকলে, গোপনীয় এন্টি-টেররিস্ট হটলাইন ফোন করুন: 0800 789 321

সম্ভাব্য বোমা হামলা বা অন্যান্য আসন্ন বিপদ আটকাতে, 999-এ ডায়াল করুন।

## অনুবাদ পরিষেবা

আপনার যদি এই ওয়েবসাইটের একটি অংশ বা নথি, অন্য ভাষাতে অনুবাদ, অডিও, ব্রেইল বা বড় হরফে মুদ্রনের প্রয়োজন হয়, অনুগ্রহ করে, নিম্নলিখিত তথ্যগুলি জানিয়ে একটি ই-মেল করুন:

- চাহিদাকৃত প্রকাশনা/বিভাগ
- চাহিদাকৃত ভাষা
- নাম ও পদবী
- ঠিকানা
- ই-মেল
- আমরা কিভাবে তথ্যগুলি পাঠাব বলে আপনি চাইছেন?

ক্লিভল্যান্ড পুলিশের নিকট থেকে আপনি যে সার্ভিস বা আচরণ পেয়েছেন সে সম্পর্কে যদি আপনি অ-খুশী বা অসন্তুষ্ট হন তাহলে সংযুক্ত লিংক অনুসরণ করুন যার মাধ্যমে ক্লিভল্যান্ড পুলিশ এর নিকট আপনার অসন্তুষ্ট হওয়ার মতামত ব্যক্ত করার ফর্ম পাবেন

(<http://www.cleveland.police.uk/contact-us/dissatisfaction.aspx>) এবং তা ই-মেইল করতে পারবেন, অন্যথায় আপনি আমাদের কন্ট্রোল রুমের সাথে 01642 326 326 নম্বরে যোগাযোগ করতে পারবেন। আমাদের নিকট রিপোর্ট করার 24 ঘন্টার মধ্যে আমরা অসন্তুষ্টির মতামতের প্রাপ্তি স্বীকার করার প্রতি লক্ষ্য রাখি। যাইহোক, দয়া করে লক্ষ্য করুন যদি আপনার অসন্তুষ্টির মতামত ইংরেজী ছাড়া অন্য কোন ভাষায় হয় তাহলে আপনার ই-মেইল ইন্টারপ্রেট বা অনুবাদ করার জন্য দেবী হতে পারে। দয়া করে এই সার্ভিস ব্যবহার করবেন না যদি যে বিষয়ে আপনি রিপোর্ট করছেন তা জরুরী হয়, এই ধরনের ক্ষেত্রে আপনার উচিত 999 এ ফোন করা।

যদি আপনি আমাদের কোন কর্মচারীর বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ করতে চান তাহলে নিম্নে বর্ণিত উপায়সহ বিভিন্ন উপায়ে আপনি তা করতে পারবেন :

- উপরের টেলিফোন নম্বরে আমাদের কন্ট্রোল রুমের সাথে যোগাযোগ করার মাধ্যমে,
- ক্লিভল্যান্ড পুলিশ প্রফেশনাল স্ট্যান্ডার্ডস্ ডিপার্টমেন্টে 01642 306 834 নম্বরে ফোন করার মাধ্যমে (সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে বিকাল 4টা পর্যন্ত)।
- অথবা যদি আপনি বাংলায় আরও তথ্য চান তাহলে দয়া করে নিম্নের লিংক অনুসরণ করুন যা আপনাকে 'ইনডিপেন্ডেন্ট পুলিশ কমপ্লেইন্টস্ কমিশন (IPCC)' এর ওয়েব সাইটে যুক্ত করবে।

IPCC বহুমাত্রিক নিরীক্ষন করার মত যাতে কিভাবে আপনি অভিযোগ করবেন তা বাংলাসহ বহু ভাষায় লিখা আছে , 'ইনডিপেন্ডেন্ট পুলিশ কমপ্লেইন্টস্ কমিশন (IPCC)' পুলিশের একটি পূর্ণ নিরপেক্ষ প্রতিষ্ঠান। ইহার দায়িত্ব হলো নিশ্চিত করা যাতে পুলিশ অফিসার ও পুলিশ কর্মচারীদের বিরুদ্ধে কোন অভিযোগের সূষ্ঠ তদন্ত হয় এবং একই সাথে এমন ধরনের উপযোগী ব্যবস্থা নিশ্চিত করা যাতে অভিযোগ বা আচরণগত কোন প্রতিবাদের তদন্ত করা হয়।